জীবননগরে মেয়র প্রার্থী রফিকুল ইসলামের গনসংযোগ

জীবননগরে আসন্ন পৌর নির্বাচনকে সামনে রেখে মেয়র পদপ্রার্থী রফিকুল ইসলামের নির্বাচনী গনসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৩ টার সময় মেয়র পদপ্রার্থী জীবননগর পৌর সভার সাবেক কমিশনার ও পৌর আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক রফিকুল ইসলাম জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি আঃ সালাম ঈশার সভাপতিত্বে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের সাথে নিয়ে জীবননগর পৌর সভার বিভিন্ন স্থানে নির্বাচনী পথসভা ও গনসংযোগ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক হাসানুজ্জামান টোকিও, ২নং ওর্য়াড অওয়ামী লীগের সহ-সভাপতি আঃ শুকুর,থানা আওয়ামী লীগের ক্রীড়া সম্পাদক সাবেক ফুটবলার মোজাম্মেল হক,৭নং ওর্য়াড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম,আওয়ামী লীগ নেতা হিরাজুল ইসলাম, ৮নং ওর্য়াড আওয়ামী লীগের সহ-সভাপতি আনিছুর ইসলাম, জীবননগর পৌর ছাত্রলীগের সভাপতি মিঠু, সাবেক সাধারণ সম্পাদক নাজমুল আলম মানিক প্রমুখ।

আলমডাঙ্গার নতিডাঙ্গায় অনৈতিক কাজের অভিযোগে দুই যুবককে গণধোলাই

আলমডাঙ্গার নতিডাঙ্গায় অনৈতিক কাজের সময় স্থানীয়দের হাতে আটক হয়েছে সুজন ও মিনা নামের দুই যুবক। গত সোমবার রাত ৮ টার দিকে নতিডাঙ্গা মাদ্রাসাপাড়ায় এ ঘটনা ঘটে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের নতিডাঙ্গা গ্রামের

রবিউল ইসলামের ছেলে মিনা ও আতার ছেলে সুজন মিলে নতিডাঙ্গার মাদ্রাসাপাড়ার মঙ্গলের স্ত্রীর সাথে ফোনে রাত্রী যাপনের জন্য ২৫শত টাকায় চুক্তি করে।

সোমবার রাত ৮ টার দিকে সুজন ও মিনা দুজনে মঙ্গলের স্ত্রীর সাথে অনৈতিক কাজের জন্য বাড়িতে অবস্থানরত এলাকাবাসীর হাতে নাতে আটক হয়।

আটককৃত দুই যুবককে উত্তম-মাধ্যম দিয়ে বাড়াদি ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বারদের উপস্থিতিতে আপোস মিমাংসা করে।

আলমডাঙ্গায় এমপি সেলুনের কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক সেলুন কম্বল বিতরণ করেছেন। তিনি গতকাল মঙ্গলবার বেলা ১০ টার দিকে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে ১৫ টি ইউনিয়ন ও পৌরসভায় ১ হাজার কম্বল বিতরণ করেন।

কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা চেয়ারম্যান হেলাল উদ্দিন, উপজেলা সহ-সভাপতি আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা,

বেলগাছি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাবেক সভাপতি আবু মুসা, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহম্মেদ ডন, কুমারী ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, উপজেলা যুবলীগ নেতা আহসান উল্লাহ,সাজ্জাদুল ইসলাম স্বপন।

ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বেলগাছি

আওয়ামী লীগের সভাপতি সমীর দে, সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চনচল, হারদী ইউনিয়ন সভাপতি আশিকুজ্জামান ওল্টু, জেহালা ইউনিয়ন সভাপতি হাসানুজ্জামান হান্নান, সেক্রেটারী হান্নান মাস্টার, ডাউকি ইনিয়নের সভাপতি নুরুল ইসলাম দিপু, সেক্রটারী তরিকুল ইসলাম চেয়ারম্যান, জামজামি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি দিদার মালিতা, সম্পাদক রাহাব উদ্দিন, গাংনি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবু তাহের, সম্পাদক রাকিবুল হাসান।

এছাড়াও উপস্থিত ছিলেন কুমারী ইউনিয়ন সম্পাদক আব্দুর রাজ্জাক,কালিদাসপুর ইউনিয়ন সম্পাদক কামরুজ্জামান শামীম, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, হাসানুজ্জামান, আব্দুল্লাহ আল হোসাইন বাদসা, সাকিব, রকি, টিটন, সজীব, শিহাব প্রমুখ।

আলমডাঙ্গায় ২৪ ঘন্টার মধ্যে ব্যানার-ফেস্টুন সরিয়ে নেওয়ার নির্দেশ

আলমডাঙ্গা পৌরসভার নির্বাচনের সম্ভাব্য প্রার্থীদের সাঁটানো ব্যানার-ফেস্টুন, পোস্টার, তোরণ, দেয়াল লিখন ও বিলবোর্ড নিজ দায়িত্বে সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন আলমডাঙ্গা পৌরসভার নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং কর্মকর্তা।

গত সোমবার দুপুর ১২ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার বিভিন্ন এলাকায় মাইকিংয়ের মাধ্যমে এই নির্দেশনা দেওয়া হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা যায়, আসন্ন আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন আগামী ১৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষে ১৭ জানুয়ারির মধ্যে প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল করতে হবে। ১৯শে জানুয়ারি মনোনয়ন যাচাই-বাছাই শেষে কেউ চাইলে পরবর্তী সাত দিনের মধ্যে প্রার্থীতা প্রত্যাহার করতে পারবেন। ১৪ ই ফেব্রুয়ারি ব্যালট পেপারের মাধ্যমে আলমডাঙ্গা

পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে জানতে চাইলে আলমডাঙ্গা পৌরসভার নির্বাচনের দায়িত্বে থাকা রিটার্নিং কর্মকর্তা এবং চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত নির্বাচনী কর্মকর্তা তারেক আহমেদ বলেন, নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে প্রার্থীতার জন্য মনোনয়নপত্র গ্রহণকারী সবাইকে ব্যানার, পোস্টার, ফেস্টুন, তোরণ, দেয়াল লিখন এবং বিল বোর্ডসহ নিজ দায়িত্বে সরিয়ে নেওয়ার জন্য মাইকিং করা হয়েছে।

আজ বুধবার এর মধ্যে সব ধরণের প্রচার-প্রচারণা সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন এই কর্মকর্তা।

ভৈরব নদীর মাটি এখন ভূমি দস্যুদের পেটে

দামুড়হুদার হেমায়েতপুর-বেড়বাড়ি গ্রামের ভৈরব নদীতে অবৈধভাবে ভেকু মেশিন দিয়ে মাটি কাটার উৎসবে মেতে উঠেছে ঐ এলাকার চিহিৃত ভূমি দস্যুরা।

এলাকাবাসির অভিযোগে জানা যায়, দামুড়হুদার নতিপোতা ইউনিয়নের বেড়বাড়ি গ্রামের ভৈরব নদীর পাড় কেটে ঐ এলাকার দুই জন ভূমি দস্যু বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে আসছে। প্রতিদিন সকাল থেকে গভীর রাত অবধি এই মাটি কেটে বহনকারী ট্রাক্টর গুলো গ্রামের বিভিন্ন সড়কে দাপিয়ে বেড়ায়।

যার ফলে গ্রামের ছোট, বড় ও বয়বৃদ্ধরা অনেকটা নিরাপত্তাহীনতায় রাস্তায় চলাফেরা করছে। সেই সাথে ঐ গামের বিভিন্ন সড়ক গুলো নষ্ট হয়ে যাচ্ছে। অবৈধ ভাবে ভৈরব নদীর পাড়ের মাটি কেটে বিক্রিকারী ভূমি দস্যুরা হলো নতিপোতা ইউনিয়নের হোগলডাঙ্গা গ্রামের তুহিন ও বেড়বাড়ি গ্রামের ছমিরুল।

হেমায়েতপুর বেড়বাড়ি গ্রামের সচেতন মহল দামুড়হুদা উপজেলা প্রশাসনের দৃষ্টি অকর্ষণ করে মাটি কাটা বন্ধে ও চিহ্নিত ভূমি

দস্যুদেও শাস্তির দাবী করেছে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ জানান, অবৈধ উপায়ে মাটি কেটে বিক্রিকারী যেই হোক না কেনো তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বিভিন্ন স্থানে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার কুমারখালীতে সরকারি উদ্যোগে ৪০০ দুস্থ ও অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে উপজেলার চাপড়া ইউনিয়ন পরিষদ চত্বরে আনুষ্ঠানিকভাবে কম্বলগুলো বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান।

এ সময় চাপড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনির হাসান রিন্টুর সার্বিক তত্বাবধায়নে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা সাঈদ হাসানসহ উপস্থিত অতিথি বৃন্দ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান, ঝিনাইদহ সদর, সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ত্রিমোহনী ইসলামী সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংস্থাটির সভাপতি জনাব ওমর ফারুক।

ওমর ফারুক বলেন, ইসলামী সমাজ কল্যাণ সংস্থা একটি সেবামূলক প্রতিষ্ঠান। বিভিন্ন অসহায় ব্যক্তিদের চিকিৎসা সহায়তা, অর্থ সহায়তা, রক্তদান, শীতবস্ত্র বিতরণ, দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি ও বই উপহার সহ নানারকম সমাজ সেবামূলক কাজ করে

যাচ্ছে এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে ইনশাআল্লাহ।

এ সময় উপস্থিত ছিলেন, সংস্থার কোষাধ্যক্ষ মোঃ ফরহাদ মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক কাকন ভূঁইয়া, প্রচার বিষয়ক সম্পাদক, সোহেল রানা, রিয়াদ আহাম্মেদ সহ সংস্থার অন্যান্য নেতৃবৃন্দ।



জীবননগর অফিস জানায়, জীবননগর স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে অসহায় দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর পৌর সভার বিভিন্ন স্থানে ১০০ জন শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, যাদবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ সামাদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ ,

সদস্য মফিজুল ইসলাম, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য ঐশ্বর্য সাহা, মিম, ওমর ফারুক, রিয়াজ, সাদিয়া, তনু, রুবিনা স্বপ্নাসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

আলমডাঙ্গায় আশ্রয়ণ প্রকল্পের নামে বালি উত্তোলন

আলমডাঙ্গায় বলিয়ারপুর আশ্রয়ণ প্রকল্পের নামে অবৈধ ভাবে বালি উত্তোলন করে বিভিন্ন জায়গায় বিক্রয়ের অভিযোগ উঠেছে।

বলিয়ারপুর গ্রামের বাহাদুর মেম্বর ও নাগদাহ গ্রামের সরোয়ার মেস্বর উত্তোলনকৃত বালি বিক্রয় করছে বলে অভিযোগ উঠেছে । উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নেওয়া হচ্ছে না কোন পদক্ষেপ।

এরই কারণে আলমডাঙ্গা উপজেলায় পুকুরের গভীর থেকে বালি উত্তোলন সম্পূর্ণ বন্ধ করে। এতে থমকে পড়ে এলজিইডিসহ বিভিন্ন প্রকল্পের রাস্তা,কালভার্ট ও বিভিন্ন সরকারি-বেসরকারি উন্নয়ন মূলক কাজ।

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ সালের ৬২ নং ধারায় বলা হয় বিপনণের জন্য কোন উন্মুক্ত স্থান, চা বাগানের ছড়া কিংবা নদীর তলদেশ হইতে বালু বা মাটি উত্তোলন করা যাবে না।

এছাড়াও, পরিবেশ আইন ১৯৯৫ সালের ১ নং ধারার অধীনে পরিবেশগত ভাবে সংকটাপন্ন হলে উত্তোলনকৃত পাম্প ও বালি মাটি উত্তোলন করা যাবে না। যদি আইন লঙ্ঘন করে, উত্তোলনকৃত মালামাল জব্দ করা হবে।

এই ব্যাপারে আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির বলেন, কেউ লিখিত ভাবে আমাদের নিকট অভিযোগ করলে তদন্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সরকারি জমিতে অবৈধ ঘর

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সন্নিকটে বাংলাদেশ সরকারের নামে রেকর্ডকৃত ১নং খাস খতিয়ানের জমি দখল করে দোকান ঘর নির্মাণ করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। প্রায় দুই মাস ধরে দোকানগুলোর নির্মাণ কাজের মহাউৎসব চলছে।

সরকারি জমি দখলকারীরা প্রভাবশালী হওয়ায় বারবার তাদের নির্মাণ কাজ বন্ধ করতে বললেও তারা কোনো কর্ণপাত করেননি বলেও জানান ইউনিয়ন ভূমি কর্মকর্তা।

স্থানীয়রা জানায়, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ব্রীজ মোড়ে অবস্থিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের পাশে সরকারি খাস জমিতে কার্পাসডাঙ্গা এলাকার কয়েকজন প্রভাবশালী ব্যক্তি জবরদখল করে বাঁশ-টিন দিয়ে দোকান ঘর নির্মাণ করে আসছে বেশ কিছু দিন ধরে। এসব

নির্মাণাধীন দোকান ঘর রাতের আঁধারে কিংবা সরকারি ছুটির দিনে নির্মাণ কাজ করা হচ্ছে বলে জানা যায়।

এ বিষয়ে কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি কর্মকর্তা আশরাফুল ইসলাম জানান, সরকারি জমিতে ঘর নির্মাণের কোনো অনুমতি দেয়া হয়নি। ছুটির দিনে তারা এসব অবৈধ দোকান ঘর নির্মাণ করছে। তাদেরকে একাধিক বার নিষেধ করার শর্তেও তারা শুনতে নারাজ। আমি ইউএনও ও এসিল্যান্ড স্যারকে বিষয়টি জানিয়েছি।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু জানান, জানতে পেরেছি স্থানীয় কয়েকজন প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তি সরকারি জমিতে অবৈধ ভাবে দোকান ঘর নির্মাণ করছে।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ বলেন, সরকারি জমিতে ঘর নির্মাণের বিষয়টা জানতে পেরে ঘটনাস্থল পরিদর্শন করেছি। এবং দখলবাজদের সকল প্রকার অবৈধ স্থাপনা সরিয়ে নিতে ২দিনের সময় বেঁধে দিয়েছি। নিদিষ্ট সময়ের মধ্যে অবৈধ স্থাপনা সরিয়ে না নিলে উচ্ছেদ অভিযান পরিচালনা করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র নিহত

চিৎলা মোড়ে অবৈধ ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা ছাত্র আলিফ হোসেন নামের এক শিশুর মৃৃত্যু ঘটেছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের চিৎলা মোড় জামে মসজিদ ও কবরস্থান সংলগ্ন চিৎলা দারুল আরকাম নূরানী মাদরাসা ছাত্র আলিফ হোসেন (৭) মাদরাসা থেকে সকাল সাড়ে ১০ টার দিকে বার হয়ে চিৎলা মেড়ে চায়ের দোকানে কলা- পাউরুটি কিনতে আসেন।

মাদরাসা ছাত্র আলিফ দোকান থেকে কলা – পাউরুটি কিনে মেইন রাস্তা পারাপারের সময় কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা অবৈধ ইজিবাইক যাত্রী

নিয়ে দামুড়হুদার দিকে আসার পথে আলিফ ইজিবাইকের সামনে পড়ে ধ্বাক্কা খেয়ে ছিটকে পড়ে। গাড়িটিও তার গায়ের উপরে পড়লে গাড়ির চাকার একটা লোহার রডে তার মাথায় আঘাত লাগলে ঘটনাস্থলেই মাদরাসা ছাত্র আলিফ হোসেনের মৃত্যু ঘটে।

আলিফ হোসেন চিৎলা নতুন পাড়া গ্রামের দিনমজুর জিয়ার আলির ছেলে ও চিৎলা দারুল আরকাম নুরানী মাদ্রাসার শিশু শ্রেণীর ছাত্র । ঘাতক ইজিবাইক চালক পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল সাড়ে ১০ টার দিকে আলিফ হোসেন চিৎলা’র মোড় থেকে মাদ্রাসায় যাওয়ার পথে দামুড়হুদা কার্পাসডাঙ্গা সড়কের চিৎলার মোড় নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় দ্রুত গতিতে অবৈধ ইজিবাইক তাকে ধাক্কা দিলে রোডের উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই আলিফ মারা যায়।

মাদ্ররাসা ছাত্র আলিফ যখন ইজিবাইকের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে মারা যান, সেসময় মাদ্ররাসা কাউকেই দেখা যায়নি বরং মাদ্ররাসার যে সকল ছাত্র’রা উপস্থিত ছিলেন সেসকল ছাত্রদের কে মাদ্ররাসা থেকে গাড়িতে তুলে বাড়ি পাঠিয়ে দেন। এবং পরবর্তীতে মাদ্ররাসা বন্ধ দেখা যায়। দামুড়হুদা মডেল থানা পুলিশ ঘাতক ইজিবাইক টি আটক করে নিয়ে গেছেন।

এ বিষয়ে চিৎলা দারুল আরকাম নূরানী মাদ্ররাসা পরিচালক মুফতি রুহুল আমিনের সাথে মুঠোফোনে উপরোক্ত বিষয় জানতে চাইলে মুঠোফোন বন্ধ পাওয়াই বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনান্থলে পৌঁছালেও ইজিবাইক চালক সটকে পড়ায় তাকে আটক করা সম্ভব হয়নি।

নিহতের পরিবারের পক্ষ থেকে এ বিষয়ে কোন অভিযোগ করা হয়নি। তবে ইজিবাইকটি আটক করে থানায় আনা হয়েছে।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

দামুড়হুদায় পৃথক পৃথক ভাবে বাংলাদেশ ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আয়োজনে গতকাল সোমবার বিকাল সাড়ে ৪টার দিকে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।

পরে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, আওয়ামী লীগ নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকুর সঞ্চালনায় এছাড়াও উপস্থিত ছিলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ শাখার তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আ:রাজ্জাক, সহ-সম্পাদক ওমর ফারুক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেনা হল শাখা ছাত্রলীগ দফতর সম্পাদক শফিকুল ইসলাম, হাউলি ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক রাসেল আহম্মেদ, যুগ্ম-আহবায়ক রায়হান, নাটুদহ ইউনিয়ন শাখার সভাপতি লিমন খান, কুড়লগাছি ইউনিয়ন শাখার সভাপতি রমজানসহ বিভিন্ন ইউনিয়ন ছাত্রলীগ নেতা উপস্থিত ছিলেন।

অপরদিকে, বাংলাদেশ ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমান হাসান জোয়াদ্দার অনিকের নেতৃত্বে গতকাল সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা বাসস্টান্ড চত্বরে আলোচনা সভা ও কেক কাটা হয়।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ নেতা আশিকুজ্জামান বাধনের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক এ্যাড. আবু তালেব, দামুড়হুদা উপজেলা যুবলীগনেতা জাহিদুল ইসলাম। এসময় আরো উপস্থিত

ছিলেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ নেতা রিদয়ান, সোহান, জীবন, সাকিব, আকাশ, রাফি, মেহেদীসহ বিভিন্ন ইউনিয়ন ছাত্রলীগ নেতারা।